যুগান্তর

তারিখ ... 17 FEB 200
পৃষ্ঠা ৪০ কলাম ২

# খুলনা বিভাগে ১১টি মডেল স্কুল প্রতিষ্ঠার সিদ্ধান্ত

খুলনা ব্যুরো

মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণে সরকার উপজেলা পর্যায়ে 'মডেল' মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে প্রথম পর্যায়ে খুলনা বিভাগের ১০ জেলার ১১টি মাধ্যমিক বিদ্যালয়কে 'মডেল' বিদ্যালয় হিসেবে তালিকাভুক্ত করে ঘোষণা দেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, সারাদেশের যেসব উপজেলায় কোন সরকারি মাধ্যমিক বিদ্যালয় নেই সেখানে নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে এই 'মডেল' স্কুল প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। খুলনা বিভাগের ১০টি জেলা থেকে ১১টি স্কুলের নাম প্রাথমিকভাবে এই তালিকাভুক্ত করা হয়েছে। নির্বাচিত এই স্কুলগুলো হচ্ছে— খুলনার তেরখাদা উপজেলার ইখড়ি কাটেংগা ফজলুল হক পাইলট মাধ্যমিক বিদ্যালয়, সাতক্ষীরার কালীগঞ্জ উপজেলার কালীগঞ্জ পাইলট মাধ্যমিক বিদ্যালয়, বাগেরহাটের মংলা উপজেলার চালনা বন্দর মাধ্যমিক বিদ্যালয়, যশোরের শার্শা উপজেলার শার্শা পাইলট মাধ্যমিক বিদ্যালয়, মাগুরার শ্রীপুর উপজেলার শ্রীপুর পাইলট উচ্চ বিদ্যালয় ও শালিখা উপজেলার আড়পাড়া আইডিয়াল হাই স্কুল, ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়, নড়াইলের লোহাগড়া উপজেলার লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়, কুষ্টিয়ার কুমারখালী উপজেলার কুমারখালী এমএন পাইলট মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার আলমডাঙ্গা বহুমুখী পাইলট মাধ্যমিক বিদ্যালয়, মেহেরপুরের গাংনী উপজেলার গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ। পর্যায়ক্রমে অন্যান্য উপজেলায় 'মডেল' বিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে। নির্বাচিত এসব মাধ্যমিক বিদ্যালয় 'মডেল' মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীতকরণের জন্য একটি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। উন্নয়ন পরিকল্পনার আওতায় এসব মাধ্যমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় অবকাঠামো, আসবাবপত্র, লাইব্রেরি, কম্পিউটার ল্যাবরেটরি স্থাপন ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি সরবরাহ করা হবে। এছাড়াও শিক্ষক প্রশিক্ষণ, নিবিড় শিক্ষাক্রম তত্ত্বাবধানসহ গুণগত মানোন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হবে বলে জানা গেছে।

**পর্যায়ক্রমে অন্যান্য উপজেলায় 'মডেল' বিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে**